

প্রেস রিলিজ
০২ জানুয়ারি ২০২৬

দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় বাউবিতে কোরআন খতম ও বিশেষ দোয়া মোনাজাত অনুষ্ঠিত :

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর প্রতিষ্ঠাতা চ্যান্সেলর, গণতন্ত্রের অবিচল প্রতীক, তিনবারের সফল সাবেক প্রধানমন্ত্রী ও আপসহীন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় কোরআন খতম ও বিশেষ দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (০২ জানুয়ারি ২০২৬) জুমার নামাজের পর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসস্থ কেন্দ্রীয় জামে মসজিদে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি মরহুমার বর্ণাঢ্য রাজনৈতিক জীবন, গণতন্ত্র পুনরুদ্ধারে তাঁর অবদান এবং জাতির জন্য তাঁর ত্যাগের কথা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। তিনি বলেন, “জাতীয় শোকের এই দিনে সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ইন্তেকালে জাতি গভীরভাবে শোকাহত। তিনি ছিলেন মুসলিম বিশ্বের দ্বিতীয় নারী প্রধানমন্ত্রী, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সহধর্মিণী এবং গণতন্ত্র রক্ষায় আপসহীন সংগ্রামী নেত্রী। জীবনের নানা নির্যাতন, মামলা ও বঞ্চনা সত্ত্বেও তিনি দেশ ও গণতন্ত্রের প্রশ্নে কখনো আপস করেননি। তাঁর রেখে যাওয়া আদর্শ ও স্বপ্ন আগামী দিনে বাস্তবায়িত হবে এবং শান্তি ও সমৃদ্ধির পথে দেশ এগিয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন”। তাঁর রুহের মাগফিরাত কামনা করে উপাচার্য আরো বলেন, মহান আল্লাহ তায়ালা তাঁকে যেন জান্নাতুল ফেরদাউস নসিব করেন। পাশাপাশি তিনি মরহুমার রুহের মাগফিরাত কামনা করে মহান আল্লাহ তায়ালা দরবারে বিশেষ দোয়া করেন।

কোরআন খতম শেষে বিশেষ দোয়া ও মোনাজাতে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফিরাত, জান্নাতুল ফেরদাউস নসিব এবং দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করা হয়। বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া মোনাজাত পরিচালনা করেন বিশ্ববিদ্যালয়ের জামে মসজিদের পেশ ইমাম মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন।

এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন), ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম, রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক মোঃ আনিছুর রহমান, মসজিদ কমিটির সভাপতি, বিভিন্ন স্কুলের ডিন ও শিক্ষক, বিভিন্ন বিভাগের পরিচালক, কর্মকর্তা ও কর্মচারী এবং মুসল্লিগণ দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)